



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ০৬.১১.২০১৯ খ্রিঃ

## উপাচার্যের যোগদানে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ফিরেছে প্রাণচাঞ্চল্য

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের প্রখ্যাত অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন (আরেফিন মাতিন) বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে তাঁর কর্মস্থলে যোগদান করেছেন। অদ্য ৬ নভেম্বর ২০১৯ তারিখ নবনিযুক্ত মাননীয় উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, গণমাধ্যম ব্যক্তিত্ব এবং আগত অতিথিবৃন্দের উপস্থিতিতে তাঁর কার্যালয়ে যোগদান করেন এবং উপাচার্য হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ে তাঁর যোগদান সংক্রান্ত পত্রাদি প্রেরণ করেন। এসময় মাননীয় উপাচার্য মহোদয় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, শিক্ষা ও গবেষণা এবং বিভিন্ন সহশিক্ষামূলক কার্যক্রমকে জোরদার করে বরিশাল বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যাওয়ার প্রচেষ্টা অব্যাহত থাকবে। এছাড়া দ্রুততম সময়ের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্থগিত হওয়া ভর্তি পরীক্ষা সম্পন্ন করা হবে এবং সেশনজট কমিয়ে আনার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে। তিনি আরও বলেন, আমি সবাইকে নিয়ে কাজ করতে চাই। তাই সকল নেতিবাচকতা পরিহার করে সামনে এগিয়ে চলতে হবে। এজন্য মাননীয় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার, গণমাধ্যমসহ সর্বস্তরের বরিশালবাসীর সহযোগিতা কামনা করেন। এসময় উপাচার্য মহোদয় তাঁকে উপাচার্য হিসেবে নিয়োগ দেয়ায় মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মাননীয় উপাচার্য তাঁর যোগদান উপলক্ষে কোন ফুলেল শুভেচ্ছা গ্রহণ করেননি। এ বিষয়ে তিনি বলেন, ৪ বছর পর যখন এ বিশ্ববিদ্যালয় ছেড়ে যাব তখন ফুলেল শুভেচ্ছা পেতে চাই। এদিকে উপাচার্য মহোদয়ের যোগদানে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ফিরেছে প্রাণচাঞ্চল্য। উল্লেখ্য গত ৩ নভেম্বর ২০১৯ তারিখ মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মো. আবদুল হামিদ আগামী ৪ বছরের জন্য তাঁকে এ পদে নিয়োগ দেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস